গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# Request for Quotation Document (National)

# For Procurement of Goods

প্যাকেজের নামঃ ১০-১৫ সে.মি. আকারের রুই, কাতল ও মৃগেল মাছের জীবন্ত পোনা ক্রয় ও সরবারহের।
প্যাকেজ নং- পিজি ০১/ ০২(২০২৩-২৪)

কোটেশন আহ্বানপত্র নং- ৩৩.০২.৪৭৪০.৫০১.২৭.০০১.২৩.২৯০; তারিখ- ০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

কোটেশন ইস্যুর তারিখঃ ০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

**সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়**
**দিঘলিয়া, খুলনা।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।
www.fisheries.digholia.khulna.gov.bd

কোটেশন বিজ্ঞপ্তি নং- ৩৩.০২.৪৭৪০.৫০১.২৭.০০১.২৩.২৯০ তারিখ- ২০ ভাদ্র ১৪৩০ বঙ্গা. / ০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

**কোটেশন বিজ্ঞপ্তি**

প্যাকেজের নামঃ ১০-১৫ সে.মি. আকারের রুই, কাতল ও মৃগেল মাছের জীবন্ত পোনা ক্রয় ও সরবারহের।
প্যাকেজ নং- পিজি ০১/ ০২(২০২৩-২৪)

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব অর্থায়নে দিঘলিয়া উপজেলায় অভ্যন্তরীণ জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটির অদ্য ০৩/০৯/২০২৩ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকৃত পোনামাছ চাষি/পোনা ব্যবসায়ী/পোনা সরবারহকারীগণের নিকট হতে = ১,৯০,০০০/-(একলক্ষ নব্বই হাজার) টাকা সমমূল্যের জীবন্ত পোনামাছ ক্রয়ের জন্য কোটেশন আহ্বান করা যাচ্ছে। আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করতে হবে এবং ওই দিন বেলা ১১:৩০ ঘটিকায় উপস্থিত কোটেশনদাতার সম্মুখে (যদি কেউ থাকেন) কোটেশন খোলা হবে।

পোনার স্পেসিফিকেশন ও কোটেশনে উল্লেখ্য বিষয়ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | | | কেজি প্রতি দর | কেজি প্রতি গড় দর |
|---|---|---|---|---|---|
| | প্রজাতি | আকার সেঃমিঃ | সরবরাহের শতকরা হার | | |
| ১। | রুই | ১০-১৫ | ৩৩.৩৪% | | |
| ২। | কাতলা | ১০-১৫ | ৩৩.৩৩% | | |
| ৩। | মৃগেল | ১০-১৫ | ৩৩.৩৩% | | |

প্রতি কেজি পোনার গড় দর কথায়= (..............................................................................)

**<u>শর্তাবলী</u>**

১. পোনা সরবরাহের স্থানসমূহঃ ডিসি মহোদয়ের বাসভবন, খুলনা; উপজেলা পরিষদের পুকুর পাড়; দোহার খাল; গোদাড়া খাল; আড়ুয়া বিল; বমনডাঙ্গা খাল; আমবাড়িয়া খাল ও মাঝিরগাতি বিল। স্থান ভিত্তিক মাছের পরিমান ও সময় কার্যাদেশে উল্লেখ থাকবে। সরবরাহকারী নিজ দায়িত্বে নির্বাচিত জলাশয়ের স্থান পরিদর্শন পুর্বক কোটেশন দাখিল করতে হবে। দরদাতা নিজ ব্যয়ে পোনা পরিবহন করে নির্বাচিত জলাশয়ে পোনা সরবরাহ ও মজুদের সকল ব্যবস্থা নিশ্চিত করবেন। পোনা সরবরাহের স্থানে হাপা স্থাপন সহ পরিবহন ও মজুদকরন সংক্রান্ত কোন ব্যয় আলাদা ভাবে প্রদান করা হবে না।
২. শুধুমাত্র প্রকৃত পোনা উৎপাদনকারী/পোনা ব্যসসায়ী ও পোনা সরবরাহকারীর নিজস্ব প্যাডে দরহার দাখিল করতে পারবেন।
৩. দর হার প্রজাতি ভেদে আলাদা ভাবে (কেজি প্রতি) এবং গড়ে প্রতি কেজি পোনার দর উল্লেখ করতে হবে।
৪. কাটাকাটি ঘষামাজা অথবা স্বাক্ষর বিহীন দরপত্র গ্রহন যোগ্য হবে না।
৫. বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ সর্বনিম্ন দরদাতাকে পোনামাছ সরবারহের কার্যাদেশ প্রদান করা হবে।
৬. ইতোপূর্বে মাছের পোনা সরবরাহ কাজে অভিজ্ঞ দরদাতাকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৭. কোটেশন যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে পোনামাছ ক্রয় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। পোনা মাছের বর্তমান বাজার দরের সাথে অসামঞ্জস্যপূর্ণ অস্বাভাবিক নিম্ন দর সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং এরূপ দর দাখিলকারী বিরুদ্ধে পিপিআর-২০০৮ এর বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।
৮. একাধিক সর্বনিম্ন দরদাতার ক্ষেত্রে লটারীর মাধ্যমে দরপত্র নির্বাচন করা হবে।
৯. দরপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে অন্যথায় দরপত্র ননরেসপনসিভ হিসেবে গণ্য হবে।

ক) ২০২৩-২৪ অর্থবছরের হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স
খ) হালনাগাদ আয়কর সনদ/টিআইএন সার্টিফিকেট
গ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ
ঘ) ব্যাংক সলভেন্সি সনদ

চলমান পাত-০২

১০. আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখেই কার্যাদেশ প্রদান করা হবে এবং কার্যাদেশে বর্ণিত তারিখ অনুযায়ী (আগামী ১১ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখ হতে ২০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখের মধ্যে) কার্যাদেশে বর্ণিত সকল মাছ নির্ধারিত স্থানসমূহে সরবরাহ করতে হবে। নির্ধারিত দিনে সকাল ০৯:৩০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত কমিটির সদস্যদের উপস্থিতিতে পোনা মাছ গ্রহন করা হবে। এই কোটেশনের মাধ্যমে ক্রয়কৃত সমূদয় মাছের পোনা একদিনে সরবারহ করতে হবে এবং কোনক্রমেই একাধিক দিনে পোনা সরবারহ করা যাবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে।

১১. প্রজাতি ভিত্তিক আলাদা আলাদা ভাবে পোনা মাছ সরবারহ করতে হবে। কোনক্রমেই এক প্রজাতির সাথে অন্য প্রজাতি মেশানো যাবে না এবং নির্ধারিত প্রজাতির বাইরে কোনও মাছ সরবারহ করলে তা গ্রহণ যোগ্য হবে না।

১২. অসুস্থ/দুর্বল/মৃত অথবা নির্ধারিত আকারের চেয়ে বড় কিংবা ছোট কোন প্রকার পোনা গ্রহন করা হবে না।

১৩. জীবিত চারা পোনা স্কেলে/কাটা ও প্লাস্টিকের ছিদ্রযুক্ত বাস্কেটে বা কর্তৃপক্ষ যে ভাবে ওজন বুঝে নেয় সেই ভাবে ওজন বুঝিয়ে দিতে হবে।

১৪. সম্পূর্ণ পোনা মাছ সরবরাহ শেষে বিল/মূল্য পরিশোধ করা হইবে । আংশিক পোনা মাছ সরবরাহ শেষে বিল/ মূল্যপরিশোধ করা হবে না। সরকারী বিধি মোতাবেক পোনার বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৫. সরবরাহ কারী নিজ উদ্যোগে গ্রহনকমিটির সদস্যের দ্বারা পোনা সরবরাহ পত্রে স্বাক্ষর করাবেন এবং স্বাক্ষরিত সরবারহপত্র সহ বিধি মোতাবেক দুই প্রস্থ বিল দাখিল করবেন।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন একটি বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

১৭. কোটেশন দাখিলের সর্বশেষ তারিখ ও সময়ঃ ১০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা এর নিকট নিজেস্ব প্যাডে, সীল মোহর কৃত বন্ধ খামে কোটেশন দাখিল করতে হবে।

১৮. কোটেশন খোলার সময় ও স্থানঃ ১০ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা এর অফিসকক্ষে প্রাপ্ত দরপত্র সমুহ কোটেশন দাখিলকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) সংশ্লিষ্ট কমিটি কতৃক খোলা ও যাচাই বাছাই করে মূল্যায়ণ করা হবে।

১৯. দাখিলকৃত কোটেশন কোন কারন দর্শানো ব্যতিরেকে আংশিক/সম্পূর্ন বাতিলের ক্ষমতা ক্রয় কমিটি সংরক্ষন করেন । দরপত্র জমা দেওয়ার প্রয়োজনীয় শর্তাবলী (সংযুক্ত) দরদাতাগণের নিকট গ্রহণযোগ্য প্রতীয়মান হলে ব্যক্তিগত/প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে উপরে উল্লিখিত ছক মোতাবেক দর দাখিল করার জন্য প্রকৃত পোনামাছ চাষি/পোনা ব্যবসায়ী/পোনা সরবারহকারীগণকে অনুরোধ করা যাচ্ছে।

০৪/৯/২০২৩

(মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
পরিচিতি নং-০০০৫৩৮
মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪৫৯৪৫২
ই-মেইলঃ sufodigholia@gmail.com

প্রাপক,
……………………..
……………………..
………………………....

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননিয় সাংসদ, ১০২ খুলনা-০৪
২. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা মৎস্য কর্মকর্তা , খুলনা।
৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিস বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিস বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ।
৬. উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিসবোর্ডে প্রদর্শনের অনুরোধ করা যাচ্ছে।
৭. উপজেলা........................অফিসার, দিঘলিয়া, খুলনা।- আপনার দপ্তরের নোটিসবোর্ডে প্রদর্শনের অনুরোধ করা যাচ্ছে।
৮. অফিস কপি।

**আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ**

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস্য দেশেরনাম | প্রস্তুতকারক এবং মডেল (Make and Model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | | রুই | ১. সরবরাহকৃত পোনা সুস্থ, সবল, জীবিত হতে হবে<br>২. সরবরাহের জন্য আনীত পোনা অবশ্যই উপযুক্ত আকার/সাইজের অক্ষত, জীবিত ও সঠিক প্রজাতির হতে হবে এবং স্বচ্ছ ও পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে<br>৩. পণ্যের ন্যূনতম ওয়ারেন্টি সময় ১২ ঘন্টা হতে হবে।<br>৪. মাছের পোনার আকার ১০-১৫ সে.মি. | বাংলাদেশ | |
| ২ | | কাতলা | | | |
| ৩ | | মৃগেল | | | |
| ৪ | | শিং | | | |

আমি/আমরা ঘোষণাকরিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্র দাতার স্বাক্ষর** | তারিখ:......./......./...........(দিন/মাস/বৎসর) |
| **দরপত্রদাতার নামঃ** | |

টীকা:

১। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত । প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্যপণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবংকার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গবিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্তকরিবে।

## কোটেশন দাখিলের নমুনা

[কোটেশন দাখিলকারীর নিজস্ব প্যাড]

স্মারক নং- তারিখ-

কোটেশন দাখিলপত্র

প্রতি,
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
দিঘলিয়া, খুলনা।

বিষয়ঃ আমি নিম্নস্বাক্ষরকারী কোটেশনের শর্তানুযায়ী ১০-১৫ সে.মি. আকারের রুই, কাতল ও মৃগেল মাছের জীবন্ত পোনা সরবারহের জন্য প্রস্তাব করছি।

সূত্রঃ আপনার দপ্তরের কোটেশন আহ্বানপত্র নং- ৩৩.০২.৪৭৪০.৫০১.২৭.০০১.২৩.২৯০; তারিখ- ০৪ সেপ্টেম্বর ২০২৩খ্রি.। প্যাকেজ নং- পিজি ০১/ ০২(২০২৩-২৪)

আমার কোটেশনে প্রতি কেজি পোনা গড় মূল্যঃ ............/- (কথায়ঃ........................ টাকা মাত্র)

আমি ০৪/৯/২০২৩ খ্রি. তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, সবধরনের কর ও ভ্যাট প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

<u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল</u>

| ক্রমিক নং | কাজের বিবরণ | | | কেজি প্রতি দর | কেজি প্রতি গড় দর |
|---|---|---|---|---|---|
| | প্রজাতি | আকার সেঃমিঃ | সরবরাহের শতকরা হার | | |
| ১। | রুই | ১০-১৫ | ৩৩.৩৪% | | |
| ২। | কাতলা | ১০-১৫ | ৩৩.৩৩% | | |
| ৩। | মৃগেল | ১০-১৫ | ৩৩.৩৩% | | |

প্রতি কেজি পোনার গড় দর কথায়= (..........................................................................)

অতএব, আমাকে কার্যাদেশ প্রদানে সদয় মর্জি হয়।

(সরবরাহকারীর স্বাক্ষর ও সীল)